উপজেলা পরিষদ

বাজিতপুর, কিশোরগঞ্জ

বিষয় ঃ বাজিতপুর উপজেলা পরিষদের ৩৩১তম মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্থান ঃ উপজেলা পরিষদে হলরুম।

তারিখ ঃ ২৫ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ, সময়ঃ বেলা ১১.৩০ টা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হয়েছে।

সভার প্রারম্ভে সভার সম্মানিত সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের অক্টোবর/২০২১ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)	উপজেলা প্রকৌশলী জানান যে, জাইকার অর্থায়নে (১) সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম ও (২) বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে বেঞ্চ সরবরাহ করে ঠিকাদারগণ বিল দাখিল করেছেন। তিনি উক্ত বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এছাড়াও তিনি উপজেলা পরিষদের সরকারি কোয়ার্টার (১) চৈতালী ও (২) রূপালী ভবন পরিত্যক্ত ঘোষণা করার জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্সের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে গুরুত্বপূর্ণ জায়গাসমূহ নজরদারিতে রাখার জন্য নতুন ০৪টি সিসি ক্যামেরা স্থাপনসহ পূর্বে স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল করার জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। তিনি উক্ত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে নির্বাহ করার জন্য সভায় অনুরোধ জানান।	১। জাইকার অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক মান যাচাই করে বিল পরিশোধের ব্যাপারে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ২। উপজেলা পরিষদের সরকারি কোয়ার্টার (১) চৈতালী ও (২) রূপালী ভবন পরিত্যক্ত ঘোষণা করার প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। উপজেলা প্রকৌশলী পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন। ৩। উপজেলা পরিষদ কমপ্লেক্সের সার্বিক নিরাপত্তা বিধানের নিমিত্ত গুরুত্বপূর্ণ জায়গাসমূহে নতুন ০৪টি সিসি ক্যামেরা স্থাপন করাসহ পুরাতন স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল করার জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তাবিত ব্যয় ১,০০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানপূর্বক তা বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হলো।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর। ৩। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।
০২	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার সভায় জানান, বাজিতপুর উপজেলায় রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক রয়েছে। চলতি রবি মৌসুমে এ উপজেলায় ১২৩০০ হেক্টর জমিতে বোরো, ১৫০০ হেক্টর জমিতে ভূট্টা, ৯০০ হেক্টর জমিতে সরিষা, ৮০০ হেক্টর জমিতে সবজি আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এছাড়াও তিনি জানান যে, প্রণোদনা কর্মসূচির আওতায় ১২০০ জন কৃষককে ভূট্টা, ১০০০ জনকে সরিষা, ৪৫০ জনকে গম, ৩৫০ জনকে খেসারী, ২০০ জনকে মসুর, ৪০০০ জনকে বোরো হাইব্রীড ও ১৩০০ জনকে উফশী বীজ প্রদান করা হয়েছে। প্রণোদনা কার্যক্রম অব্যাহত থাকবে বলেও তিনি সভায় জানান।	লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদনে সুনির্দিষ্ট পরিকল্পনা মাফিক কার্যক্রম পরিচালনা করতে হবে। তাছাড়া ফসলের লক্ষ্যমাত্রা অর্জনে কৃষকগণকে সহযোগিতা প্রদান করতে হবে।	উপজেলা কৃষি অফিসার, বাজিতপুর।
০৩	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, হাসপাতালের বহির্বিভাগ, আন্তঃবিভাগ ও ইমার্জেন্সী সেবা চলমান রয়েছে। বর্তমানে কোভিড পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। এ	১। কোভিড পরিস্থিতিতে টীকাদান ও অন্যান্য সকল প্রকার কার্যক্রম সরকারি	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর।

		উপজেলায় আক্রান্ত রোগীর সংখ্যা শূন্য। তিনি আরো জানান যে, এ উপজেলার ১৮ বছর এর উর্ধ্বে জনসংখ্যার ৬০ ভাগের বেশি ইতিমধ্যে কোভিড টীকাদান এর আওতায় এসেছে। তবে শীত শুরু হওয়াতে হাসপাতালে শ্বাসকষ্টের রোগীর সংখ্যা বেড়েছে। তাছাড়াও তিনি আসন্ন টীকাদান কার্যক্রমে পূর্বের মতো আইন শৃঙ্খলা বাহিনীর সর্বাত্মক সহযোগিতা পাওয়ার আশা ব্যক্ত করেন। এছাড়াও তিনি জানান যে, কৈলাগ ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে কোন নলকূপ না থাকায় স্বাস্থ্যসেবায় ব্যাঘাত ঘটছে। তিনি সেখানে একটি গভীর নলকূপ স্থাপনের জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানান।	নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে। ২। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকের বিভিন্ন সমস্যাসমূহ যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভায় আলোচনা করতে হবে।	
০৪	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আগামী ১৮-২৪ নভেম্বর বিশ্ব এন্টিবায়োটিক জনসচেতনতা সপ্তাহ উপলক্ষে তার দপ্তর কর্তৃক র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে। জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ লিফলেট বিতরণের কর্মসূচি হাতে নেয়া হয়েছে। তিনি আরো জানান, তার দপ্তরের স্বাভাবিক চিকিৎসা কার্যক্রম, ভ্যাকসিনেশন ক্যাম্পেইন, কৃত্রিম প্রজনন ও প্রাণিসম্পদ সম্প্রসারণমূলক কার্যক্রম চলমান রয়েছে।	১। বিশ্ব এন্টিবায়োটিক জনসচেতনতা সপ্তাহ যথাযথভাবে পালন করতে হবে। ২। চিকিৎসা সেবাসহ দাপ্তরিক নিয়মিত কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাজিতপুর।
০৫	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, ০১ নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা আহরণ, ক্রয়-বিক্রয়, মজুদ এবং পরিবহন নিষিদ্ধ করা হয়েছে। সে মোতাবেক বাজিতপুর উপজেলার বিভিন্ন বাজার নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। কোথাও জাটকা পাওয়া যায়নি। তিনি আরো জানান যে, শীত মৌসুম চলে আসায় পুকুরে মাছ চাষে রোগবালাই দেখা দিতে পারে। তাই মৎস্যচাষীদের পুকুরে চুন প্রয়োগের পরামর্শ দেয়া হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম ভালভাবে চলছে বলে সভায় জানান।	১। ০১ নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা আহরণ, ক্রয়-বিক্রয়, মজুদ এবং পরিবহন বন্ধ রাখতে নিয়মিত বাজার পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২। শীতে মাছের রোগবালাই প্রতিরোধে মৎস্যচাষীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বাজিতপুর।
০৬	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, শতভাগ ভাতার আওতায় সকল কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় জরীপ কার্যক্রম চলমান রয়েছে। যেসব প্রতিবন্ধী ব্যক্তির জরীপ কাজ এখনো সম্পন্ন হয়নি, তাদের সকলকে জরীপের আওতাভূক্ত করার লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য তিনি জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানান।	১। শতভাগ ভাতার আওতায় সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। ২। যেসকল প্রতিবন্ধী ব্যক্তি এখনো জরীপের আওতাভূক্ত হয়নি; সে সকল ব্যক্তিগণকে জরীপের আওতাভূক্ত করতে জনপ্রতিনিধিবৃন্দ ব্যাপক প্রচারসহ সার্বিক সহযোগিতা প্রদান করবেন।	১। উপজেলা সমাজসেবা অফিসার, বাজিতপুর। ২। সকল জনপ্রতিনিধি, বাজিতপুর।
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২১ এ তিনি রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করেছেন। তিনি আরো জানান, চলতি এসএসসি, দাখিল, দাখিল (ভোক), সাধারণ (ভোক) ২০২১ খ্রিস্টাব্দ এর পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এ সকল পরীক্ষায় উপজেলা একাডেমিক সুপারভাইজার ট্যাগ অফিসার এবং পরীক্ষার সার্বিক দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি জানান, পরীক্ষার কেন্দ্রবিহীন প্রতিষ্ঠানগুলোতে যথারীতি স্বাস্থ্যবিধি মেনে শ্রেণি কার্যক্রম চালু এবং অনলাইন ক্লাস কার্যক্রম চালু ছিল। আগামী ২৪.১১.২০২১ তারিখ থেকে প্রতিষ্ঠানগুলোতে প্রাক নির্বাচনী/বার্ষিক পরীক্ষা শুরু হবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে বলে তিনি সভায় জানান।	আগামী ২৪.১১.২০২১ তারিখ অনুষ্ঠিতব্য প্রাক নির্বাচনী/বার্ষিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নকরণে তদারকি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর।
০৮	উপজেলা শিক্ষা বিভাগ	ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ১। ই-প্রাইমারি স্কুল সিস্টেমে এ উপজেলার ২০৩ জন শিক্ষককে ভ্যালিডেশন করা হয়েছে। ২। একসেলারেটেড রিমেডিকেল লার্নিং প্ল্যান অনুসরণ করে ১১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে রচনা, চিত্রাংকন, নৃত্য, সংগীত, মুক্তিযুদ্ধ বিষয়ক কুইজ প্রতিযোগিতা ১১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আয়োজন করা হয়েছে।	প্রাথমিক শিক্ষা কার্যক্রম গতিশীল রাখতে নিয়মিত বিদ্যালয় পরিদর্শনসহ তদারকি জোরদার করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর।

<table>
<tr><td></td><td></td><td>৪। ২০২২ সালের নতুন বই ৬০% পাওয়া গিয়েছে।
৫। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০২১ সালে অনুষ্ঠিত হবে না বিধায় বিদ্যালয়ভিত্তিক মূল্যায়ন করা হবে।</td><td></td><td></td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণ প্রকল্পের আওতায় ২৩টি গৃহ নির্মাণের জন্য প্রতিটি গৃহের জন্য ২,৪০,০০০/- টাকা হিসেবে সর্বমোট ৫৫,২০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে।
এছাড়াও তিনি জানান যে, শীত মৌসুমে গরীব ও অসহায় মানুষের মাঝে বিতরণের জন্য মোট ৬৩২০টি কম্বলের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে। ইউনিয়ন ও পৌরসভায় কম্বলসমূহ বিভাজন করে সুষ্ঠু বিতরণ নিশ্চিত করার জন্য তিনি সভায় অনুরোধ জানান।</td><td>১। দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণ প্রকল্পের আওতায় উপযুক্ত উপকারভোগী নির্বাচন করে গৃহ প্রদান করতে হবে।
২। পৌরসভা ও ইউনিয়নে জনসংখ্যার অনুপাতে কম্বল বিভাজন করতে হবে এবং সুষ্ঠু বিতরণ নিশ্চিত করতে হবে।</td><td>১। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর।
২। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।
৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাজিতপুর।
৪। ইউপি চেয়ারম্যানবৃন্দ</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</td><td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, "পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের" আওতায় তার দপ্তর কর্তৃক এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে বিদ্যমান নলকূপসমূহের পানিতে আর্সেনিক দূষণের পরিমাণ নিরূপণ করা হবে। এর ফলে অতিমাত্রায় আর্সেনিক ঝুঁকিপূর্ণ এলাকাসমূহের জনগণের স্বাস্থ্য ও জীবনমান উন্নয়ন হবে। উক্ত কার্যক্রম সফলভাবে সম্পন্ন করতে তিনি উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সহযোগিতা কামনা করেন।</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নলকূপের পানিতে আর্সেনিক দূষণ নিরূপণ কার্যক্রমে ইউনিয়ন পরিষদে চেয়ারম্যানবৃন্দ সার্বিক সহযোগিতা প্রদান করবেন।</td><td>১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাজিতপুর।
২। সকল ইউপি চেয়ারম্যান, বাজিতপুর।</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় অফিসার জানান যে, বাজিতপুর উপজেলার অডিটযোগ্য সমবায় সমিতি সংখ্যা ১০৭টির মধ্যে বিগত মাস পর্যন্ত ২২টি সমবায় সমিতির অডিট সম্পাদন করা হয়েছে। সম্পাদনের হার ৩৬%। ২০২০-২০২১ অর্থবছরের অডিট ফি এবং সিডিএফ আদায়ের হার ৯১%। চলতি অর্থ বছরের ৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে এবং মোট ০৩টি নতুন সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়েছে। এছাড়াও চলতি অর্থ বছরে ১২টি সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। চলমান করোনা মহামারী পরিস্থিতিতে অত্র উপজেলায় বিভিন্ন সমবায় সমিতি সমূহের কার্যক্রম মারাত্মকভাবে ব্যহত হচ্ছে। এমতাবস্থায় তাদের ঋণ আদায় কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বলে সভায় জানান।</td><td>দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, বাজিতপুর।</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি অক্টোবর/২১ মাস পর্যন্ত তার দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির নিম্নোক্তভাবে উপস্থাপন করেনঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>টাকা/জন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td></td><td>মূল ঋণ তহবিল</td><td>২৫৩৮৮০০/-</td><td></td></tr>
<tr><td></td><td>মোট ঋণ তহবিল</td><td>৭৩৩৩১৫২/-</td><td></td></tr>
<tr><td></td><td>মোট ঋণ বিতরণ</td><td>৩৪১৭৬০০০/-</td><td></td></tr>
<tr><td></td><td>মোট ঋণ আদায়</td><td>২৭৯৮৪৩২৬/-</td><td></td></tr>
<tr><td></td><td>আদায়ের হার</td><td>৯০%</td><td></td></tr>
<tr><td></td><td>মোট খেলাপী ঋণ</td><td>২৩৭৮০৫৭/-</td><td>খেলাপী আদায় ৭৩১০৭/-</td></tr>
<tr><td></td><td>মোট উপকারভোগীর সংখ্যা</td><td>৯৬৫ জন</td><td></td></tr>
<tr><td></td><td>চলমান উপকারভোগীর সংখ্যা</td><td>২৯১ জন</td><td></td></tr>
<tr><td></td><td>মোট ঋণ সংখ্যা</td><td>১৪৪৮ জন</td><td></td></tr>
<tr><td></td><td>মোট প্রশিক্ষণাথীর সংখ্যা</td><td>৬৩৬২ জন</td><td></td></tr>
<tr><td></td><td>মোট আত্মকর্মী সংখ্যা</td><td>৪৫৩৩ জন</td><td></td></tr>
<tr><td></td><td>অনুমোদিত জনবল</td><td>০৭ জন</td><td></td></tr>
<tr><td></td><td>বিদ্যমান জনবল</td><td>০৫ জন</td><td></td></tr>
</table></td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর।</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ১১টি ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের অক্টোবর/২১ মাসের ভিজিডি খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান, মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণের ১২তম ব্যাচের ক্লাশ শুরু হয়েছে।</td><td>১। খাদ্য শস্য ও ভাতা বিতরণ কার্যক্রম, মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণসহ যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাজিতপুর।</td></tr>
</table>

		তিনি জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের দরিদ্র মার জন্য মাতৃত্ব ভাতা ভাতাভোগীদের নিজ নিজ হিসাব নম্বরে টাকা প্রেরণ করা হচ্ছে। বাজিতপুর পৌরসভার কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল এর ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নতুন ভাতাভোগীর বরাদ্ধ পাওয়া গেছে। সেই অনুযায়ী প্রাথমিক যাচাই-বাচাই সম্পন্ন হয়েছে এবং ডাটা এন্ট্রির কাজ চলমান রয়েছে। এছাড়াও তিনি জানান, বাজিতপুর উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত আদালত হতে ১টি মামলা পাওয়া গেছে। মামলাটির তদন্তের জন্য নোটিশ প্রেরণ করা হয়েছে। এছাড়া অক্টোবর/২১ মাসে ০১টি বাল্য বিবাহের সন্ধান পাওয়া গেছে এবং সেটা উপজেলা প্রশাসনের সহযোগিতায় বন্ধ করা হয়েছে।	২। মাতৃত্ব ভাতাসহ অন্যান্য সকল প্রকার ভাতা সরকারি নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে। ৩। আদালত হতে নারী নির্যাতন সংক্রান্ত যে কোন মামলা পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে তদন্তপূর্বক মামলা নিষ্পত্তিতে ভূমিকা রাখতে হবে। ৪। বাল্য বিবাহ প্রতিরোধে সার্বক্ষণিক তৎপর থাকতে হবে।	
১৪	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তার দপ্তরের সার্বিক কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর।
১৫	তথ্য আপা প্রকল্প	তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান যে অক্টোবর/২১ মাসে ২০০ জন সেবা গ্রহিতাকে তথ্যকেন্দ্রে সেবা দেওয়া হয়েছে। তথ্যকেন্দ্র হতে ব্লাড প্রেশার, ডায়াবেটিস, উচ্চতাসহ ওজন, পালস ইত্যাদি পরীক্ষা করা হয়। এ ছাড়াও ই-কমার্স উপজেলা সরকারি সেবাসমূহ সহজলভ্যতা, ভিডিও কনফারেন্স, শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা জেন্ডার এবং কৃষি বিষয়ক বিভিন্ন সেবা প্রদান করা হয়। তাছাড়া ডোর টু ডোর এর মাধ্যমে সেবা প্রদান করা হয় ডোর টু ডোর সেবার মাধ্যমে মহিলাদের কে ল্যাপটপ ব্যবহারের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার এবং কৃষি বিষয়ক বিভিন্ন সমস্যার সমাধান এবং উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলার সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তার সাথে সেবা গ্রহীতার কথোপকথনের মাধ্যমে সমস্যার দ্রুত ও কার্যকারী সমাধানে সহায়তা করা হয়ে থাকে। নভেম্বর/২১ মাসে ২টি উঠান বৈঠক আয়োজন করার নির্দেশনা পাওয়া গেছে। প্রতিটি উঠান বৈঠকে ৫০জন মহিলা অংশগ্রহন করে থাকে। উঠান বৈঠকে মহিলাদের জীবন ও জীবিকা সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমন: স্বাস্থ্যগত সমস্যা, বাল্য বিবাহ, ফতোয়া, নারীর বিরুদ্ধে সহিংসতা, চাকরি সংক্রান্ত তথ্য, আইনগত সমস্যা এবং ডিজিটাল সেবাসমূহের নানাদিক সম্পর্কে আলোচনা করা হয়।	সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।	তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, বাজিতপুর।
১৬	ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, জাইকা	ইউডিএফ, বাজিতপুর জানান যে, সক্ষমতা বৃদ্ধিমূলক প্রকল্প (১০ লক্ষ টাকা) ও ইনফ্রাস্ট্রাকচার (৪০ লক্ষ টাকা) প্রস্তাবনা বিগত ০২টি তারিখের মধ্যে পিএমইউ-তে পাঠানো যায়নি। তিনি তা ২৮ তারিখের মধ্যে পিএমইউ-তে পাঠানোর জন্য অনুরোধ জানান। তিনি সকল দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য অনুরোধ জানান। এছাড়াও তিনি ০২ মাস অন্তর অন্তর উপজেলা কমিটির সভা করা এবং তার রেজুলেশন, নোটিশ, হাজিরা ওয়েব পোর্টালে দেওয়ার জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান।	সক্ষমতা বৃদ্ধিমূলক প্রকল্প (১০ লক্ষ টাকা) ও ইনফ্রাস্ট্রাকচার (৪০ লক্ষ টাকা) প্রস্তাবনা দ্রুত পিএমইউ-তে প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর। ৩। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। ৪। ইউডিএফ, বাজিতপুর।

পরিশেষে সভাপতি বলেন যে, প্রতিটি দপ্তরকে অত্যন্ত আন্তরিকতার সাথে জনগণকে তাদের প্রাপ্য সেবা প্রদান করতে হবে। তাছাড়াও তিনি সকল দপ্তরকে সমন্বয়ের মাধ্যমে স্বচ্ছতার সাথে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৫/১২/২১

মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.১৪-৯৩০ তারিখ ঃ ০৫.১২.২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৬৬, বাজিতপুর-নিকলী, কিশোরগঞ্জ-৫।

৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।

৮. সিভিল সার্জন, কিশোরগঞ্জ।

৯. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।

১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।

১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।

১২. উপজেলা .... কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।

১৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।

১৪. জনাব ....।

০৫.১২.২১

মোছাঃ মোরশেদা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ